গাংনীতে ৭৫ বোতল ফেন্সিডিলসহ আটক-১

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে ৭৫ বোতল ফেন্সিডিলসহ জহুরুল ইসলাম (২৭) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

শনিবার বিকাল সাড়ে ৫টার দিকে গাংনী উপজেলার সহড়াতলা গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক জহুরুল সহড়াতলা গ্রামের ইদ্রিস আলীর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে, সহড়াতলা গ্রামে ফেন্সিডিল পাচার করছে এমন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের এসআই সুলতান মাহমুদের নেতৃত্বে এসআই অজয় কুমার কুন্ডু, এএসআই হেলাল উদ্দিন, এএসআই মাহাতাব উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে সহড়াতলা গ্রামে অভিযান পরিচালনা করে জহুরুলকে আটক করে। এসময় তার কাছ থেকে ৭৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

জহুরুলের বিরুদ্ধে গাংনী থানায় মাদক দ্রব্য আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপিতে দুটি মোটরসাইকেলের সংঘর্ষে যুবক নিহত, অপরজন আহত

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপি ও দীনদ্বত্ত ব্রীজের মাঝে দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আব্দুর রহমান (২৭) নামের যুবক নিহত।

আহত হয়েছেন গাংনী উপজেলার হিন্দা গ্রামের সাইফ আব্দুল্লাহ (২৭)। সে ওই গ্রামের মিজানরুর হমানের ছেলে। আহত সাইফ আব্দুল্লাহকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে চিকিৎসক।

আজ সন্ধ্যা সাড়ে ৬টার দিকে এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় দুটি মোটরসাইকেল ভেঙ্গে দুমড়ে মুচড়ে গেছে।

নিহত আব্দুর রহমান মেহেরপুর শহরের কাশ্যপপাড়া সাদেক মোল্লার ছেলে। তিনি আউটসোর্সিয়ের কাজের সাথে জড়িত ছিলেন।
স্থানীয়রা জানান, আব্দুর রহমান তার বন্ধুকে নিয়ে আসতে মেহেরপুর থেকে চুয়াডাঙ্গা যাচ্ছিল। অপরদিক থেকে আহত সাইফ আব্দুল্লাহ চুয়াডাঙ্গা থেকে মেহেরপুর আসছিলো। পথিমধ্যে আমঝুপি বিএডিসি ফার্মের কাছে পৌছালে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। মোটরসাইকেল দুটিই দুমড়ে মুচড়ে যায়।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক আব্দুর রহমানকে মৃত ঘোষণা করেন। এছাড়া গুরতর অবস্থা হওয়ায় সাইফ আব্দুল্লাহকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

স্থানীয়রা আরো জানান, আমঝুপি থেকে দীনদত্ত ব্রীজ পর্যন্ত প্রায় এক কিলোমিটর রাস্তাটি বিকেলের দিকে কিশোর গ্যাঙের দখলে থাকে। বিকালের দিকে কিশোর গ্যাঙের সদস্যরা মোটরসাইকেল নিয়ে রেসে মেতে ওঠে। ফলে সা¤প্রতিক সময়ে এই এলাকায় সড়ক দুর্ঘটনা বেড়ে গেছে। ওই এলাকাটি ক্রমশই দুর্ঘটনা কবলিত এলাকাতে পরিণত হচ্ছে। এ বিষয়ে প্রশাসনকে নজর দেওয়ার দাবি জানিয়েছেন স্থানীয়রা।

মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) সুপ্রভাত জানান, হতাহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে একজন মৃতু ও অপরজনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় নিহতের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনী উপজেলা আওয়ামীলীগের

বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি ও কুটুক্তি করে মন্তব্য করার প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে গাংনী উপজেলা আওয়ামীলীগ।

আজ শনিবার (৪ জুন) বিকালে গাংনী উপজেলা আওয়ামীলীগ আয়োজিত বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুলের সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, সাবেক ছাত্র নেতা সাইফুজ্জামান শিপু।

গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলামের সঞ্চালনায় সমাবেশে উপস্থিত ছিলেন, বামুন্দি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল, সাহারবাটি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক তৌহিদ মুর্শেদ অতুল সাবেক ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক প্রমুখ।

এর আগে উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান এমপির নেতৃত্বে একটি বিশাল বিক্ষোভ মিছিল গাংনী বাজার বাসস্ট্যান্ড শহীদ রেজাউল চত্বর থেকে বের হয়ে উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে শেষে সমাবেশে মিলিত হয়।

মেহেরপুরে স্বতন্ত্র প্রার্থী মতুর নির্বাচনী ইশতেহার ঘোষণা

কন্যাদায় গ্রস্থ অসচ্ছল পিতা মাতার জন্য “বিবাহের উপহার কার্ড, প্রযুক্তি ব্যবহার করে যে সকল নারীরা স্বাবলম্বী হচ্ছে তাদের জন্য “ত্রৈমাসিক নারী উদ্যোক্তা মেলা ও উদ্যোক্তা নারী সেবা ডেস্ক” চালুসহ ১০ দফা ইশতেহার প্রকাশ করেছেন মেহেরপুর পৌর সভার স্বতন্ত্র প্রার্থী সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু।
আজ শনিবার (৪ জুন) সকাল ১০ টার সময় মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে এ ইশতেহার প্রকাশ করেন তিনি।
নির্বাচনী ইশতেহারে তিনি আর বলেন, শহরের পৌর গড় পুকুরকে সংস্কারের মাধ্যমে আধুনিক মানের করে গড়ে তুলবো। যাতে করে গড় পুকুরটিকে বিনোদনমুখি হয়ে ওঠে। এখানে থেকেই পৌরবাসি পাবে বিশুদ্ধ অক্সিজেন। মেহেরপুর পৌর কর্মকর্তা/কর্মচারীদের দীর্ঘদিনের বকেয়া বেতন পরিশোধ করা, ইঞ্জনচালিত রিকসা, ইজিবাইকের পৌর কর পূর্বের অবস্থায় ফিরিয়ে আনা, কিডনী এবং ক্যান্সারে আক্রান্ত রোগীদের জন্য এককালিন মানবিক সহায়তা হিসেবে ১০ হাজার করে টাকা প্রদান, সনাতন ধর্মালম্বিদের পৌর শ্বসানঘাটকে আধুনিকভাবে গড়ে তোলা, শহরের ধর্মীয় প্রতিষ্ঠানগুলো মসজিদ, মন্দীরসহ অন্যান্য উপসানলয়ের উন্নয়ন, পরিচ্ছন্ন কর্মীদের জীবন মান উন্নয়নে চার হাজার টাকা ভাতার স্থলে ৫ হাজার টাকা প্রদান শতভাগ শিক্ষিত শহর বিনির্মানে ঝরে পড়া শিশুদের স্কুলমুখি করে তোলা, অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের জন্য শিক্ষাবৃত্তি চালুসহ বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ সৃষ্টি করা, নিরাপদ খাদ্য পানির সরবরাহের উপর বিশেষ নজরদারী রাখতে ব্লিচিং পাওডার ওয়াস ও সর্বাধিক নিরাপদ পানি সহায়তা প্রদান করার কথা উল্লেখ করেন তার নির্বাচনী ইশতেহারে।
এসময় তিনি অভিযোগ করেন আওয়ামীলীগ দলীয় সমর্থিত প্রার্থীর মাহফুজুর রহমান রিটনের লোকজন আমার কর্মী সমর্থকদের ভয়ভীতি প্রদর্শন করছেন। আমার কর্মী সমর্থকদের আতংকিত করতে বাড়ি বাড়ি গিয়ে ছবি তুলে নিয়ে আসছেন পোষ্টারের উপর পোষ্টার মারছেন, ও ছিড়ে ফেলছেন ফেস্টুন। তিনি আরও বলেন, ৫ টির অধিক নির্বাচনী ক্যাম্প স্থাপন করার নির্দেশ না থাকলেও এই শহরে সে স্থাপন করেছেন প্রায় ৫০ টিরও অধিক নির্বাচনী ক্যাম্প। এছাড়া প্রতিদিনই শহরে নানাভাবে শো ডাউন করে প্রতিনিয়ত নির্বাচনী আচরন বিধি ভঙ্গ

করছেন। এ বিষয়ে নির্বাচন কমিশনে একাধিক অভিযোগও দেওয়া হয়েছে। একটি অবাধ নিরপেক্ষ ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানে সাংবাদিকদের সহায়তা চান স্বতন্ত্র মেয়র প্রার্থী মোতাচ্ছিম বিল্লাহ মতু। এসময় তার কিছু কর্মী সমর্থক উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১৭

মেহেরপুরে পুলিশের গত ২৪ ঘন্টার অভিযানে ১৭ আসামি গ্রেফতার হয়েছে।
আসামিদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৭ সিআর মামলায় ৪, নিয়মিত মামলায় ৫, সিআর মামলায় সাজাপ্রাপ্ত ১ জন।

এদের মধ্যে গাংনী থান পুলিশ ১০ জন, জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ৪ জন, সদর থানা পুলিশ ২ জন ও মুজিবনগর থান পুলিশ ১ জনকে

গ্রেফতার করেন। মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করে।

পুলিশ সুপারের নির্দেশে গাংনী থানর ওসি আব্দুর রাজ্জাক, সদর থানার ওসি শাহ দারা খান, জেলা গোয়েন্দা পুলিশ (ডিবির) ওসি সাইফুল ইসলামে ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক দল শুক্রবার দিবাগত রাতে অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার করেন।

আজ শনিবার (৪ জুন) সকালে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করেছে বলে সংশ্লিষ্ট সুত্র জানিয়েছে।

সাম্প্রদায়িক গোষ্ঠী নতুন করে ষড়যন্ত্র শুরু করেছে — কমরেড নুর আহমেদ বকুল

দেশের উন্নয়নের ধারা নষ্ট করার জন্যই সম্প্রদায়িক গোষ্ঠী নতুন করে ষড়যন্ত্র শুরু করেছে। মার্কিন সম্প্রদায়ও ব্যাপক ভাবে অপতৎপরতা শুরু করেছে। দেশের অসম্প্রদায়িক ও গণতান্ত্রিক ধারা অব্যাহত রাখতে ঘুষ-দুনীতি ও লুটতরাজ বন্ধ করতে হবে। দেশে সুশাসন তৈরী করতে হবে।

শুক্রবার সকালে মেহেরপুর জেলা ওয়ার্কার্স পার্টির বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির পলিট ব্যুরো সদস্য কমরেড নুর আহমেদ বকুল।

গাংনী উপজেলা শহেরর লেনিল টাওয়ারে আয়োজিত বর্ধিত সভায় সভাপতিত্ব করেন জেলা ওয়ার্কার্স পার্টির সভাপতি কমরেড আব্দুল মাবুদ।

সভায় বক্তব্য রাখেন জেলা ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক কমরেড মজনুল হক মজনু, কমরেড আব্দুর রহিম মাস্টার, ওমর ফারুক,ডাক্তার শরিফ উদ্দীন ঠান্ডু, আবু হানিফ,যুবমৈত্রী নেতা বিল্লাল হোসেন প্রমুখ।

বর্ধিত সভার শুরুতে প্রয়াত কমরেড আরজ আলী ও আজিজুল হকের স্মরণে ১ মিনিট নিরবতা পালন করা হয়।

মুজিবনগরে জমিজমা নিয়ে সংঘর্ষে দু’পক্ষের ৬ জন আহত, থানায়

অভিযোগ

মেহেরপুরের মুজিবনগরে জমি দখল নিয়ে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে দুই পক্ষের ৬ জন আহত হয়েছেন। সংঘর্ষের ঘটনায় উভয় পক্ষই পৃথক পৃথক ভাবে মুজিবনগর থানায় অভিযোগ দায়ের করেছেন।

শুক্রবার সকাল ৯ টার দিকে উপজেলার বাগোয়ান ইউনিয়ন এর ৬ নম্বর ওয়ার্ড রতনপুর গ্রামের খেলার মাঠের পাশে ডোবার মাঠ নামক স্থানে এই ঘটনা ঘটে। আহতরা হলেন রতনপুর গ্রামের রাখাল মণ্ডলের ছেলে স্বাধীন মন্ডল (৫১) ও শান্তি মন্ডল (৪৫),মৃত ভজন মণ্ডলের ছেলে পূণ্য মন্ডল (৬৫), সুশীল মণ্ডলের ছেলে সুজিত মন্ডল (৭০), কাটু মন্ডলের ছেলে কটা মন্ডল (৬০) ও দিপু মন্ডল (৭০) আহত হয়।

এক পক্ষ অমৃত অরবিন্দ মন্ডল এর ছেলে শান্তি মন্ডল তার অভিযোগে বলেছেন, রতনপুর মৌজার -১২০৮ দাগে, ৭১ শতক জমি আছে। এই জমি নিয়ে দীর্ঘ দিন আদালতে মামলা চলার পরে আনুমানিক ৪ বৎসর আগে জমি আমাদের পাওনা হলে মেহেরপুর জজ কোর্ট থেকে আমাদের আবাদী জমি ঢাক ঢোল বাজিয়ে আমাদের পাওনা করে দিয়ে গিয়েছে।

কিন্তু উক্ত বিবাদী মিঃ পুন্য মন্ডল, মিঃ সুজিত, মিঃ কটা, মিঃ দিপু মন্ডল, মিঃ সুজন মন্ডল শুক্রবার সকাল ৯ টার দিকে অবৈধ ভাবে কোর্টের নির্দেশ অমান্য করে বিভিন্ন ধরনের লাঠিসোটা সহ দেশীয় অস্ত্র দা হাসুয়া নিয়ে আমাদের জমি জোর পূর্বক ভাবে দখল করতে যায়।

এ সময় আমারা উক্ত জমির পার্শ্বে আমাদের আবাদী জমিতে কাজ করছিলাম। আমার আবাদী জমি জোরপূর্বক ভাবে দখল করতে নিষেধ করতে গেলে আমাকে সহ আমার বড় ভাই মিঃ স্বাধীন মণ্ডলকে বিভিন্ন ধরনের হুমকি ধামকি ও গালাগালি করতে থাকে।

এক পর্যায়ে তাদের কাছে থাকা লোহার রড সহ দেশীয় অস্ত্র দা হাসুয়া দিয়ে হত্যার উদ্দ্যেশে বিভন্ন স্থানে এলোপাতারি ভাবে কোপ ও ছেচা মার দিয়ে জখম করে। পরে আমি সহ আমার ভাই প্রাণ ভয়ে ঘটনাস্থল থেকে আহত অবস্থায় কোন রকমে জীবন বাঁচিয়ে পালিয়ে আসি।

পরে আমার পরিবারের লোকজন মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে আমাদের ভর্তি করায়। এখনও উক্ত বিবাদীরা আমাকে সহ আমার বড় ভাইকে মেরে ফেলে আমাদের লাশ গুম করে দিবে বলে বিভিন্ন ধরনের হুমকি ধামকি

প্রদান করছে।

অপরপক্ষ সুজন মন্ডল তার অভিযোগে বলেছেন, বিবাদী শান্তি মন্ডল ও স্বাধীন মন্ডল আমার চাচা সম্পর্কের হয়। আমরা আমাদের আবাদী জমি আনুমানিক ৩২ বছর যাবৎ চাষাবাদ করে আসছি।

শুক্রবার সকাল সাড়ে ৮টার সময় আমার পিতা ও চাচারা আমাদের আবাদী জমিতে ধান লাগানোর উদ্দ্যেশে আমার চার চাচা জমি বন্টন করতে গেলে উক্ত বিবাদীরা আমাদের জমি আমাদের বন্টন করতে নিষেধ করে।

আমাকে সহ আমার পিতা ও চাচাদের বিভিন্ন ধরনের হুমকি ধামকি গালাগালি করতে থাকে। এসময় তাদের কাছে থাকা হাসুয়া দিয়ে আমার পিতা ও চাচাদের বিভিন্ন স্থানে এলোপাতারি ভাবে কোপ মেরে জখম করে।

পরে আমি সহ আমাকে গ্রামের কিছু মানুষ খোজ পেয়ে আমার পিতা ও চাচাদের ঘটনাস্থল থেকে উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স ভর্তি করি।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদি রাসেল মেহেরপুর প্রতিদিনকে বলেন, ঘটনাটি আমি শুনেছি। দুই পক্ষই থানায় অভিযোগ দায়ের করেছে। তদন্ত পূর্বক পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে পরিবেশক সমিতির আলোচনা সভা

মেহেরপুর পরিবেশক সমিতির সাধারণ সম্পাদক মোঃ মাহাফুজুর রহমান রিটন মেহেরপুর পৌর নির্বাচনে মেয়র প্রার্থী হওয়ায় জেলা পরিবেশক সমিতির করনীয় শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ শুক্রবার বিকেলে মেহেরপুর শহরের হোটেল আটলান্টিকার মিলনায়তনে এ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
মেহেরপুর জেলা পরিবেশক সমিতির সভাপতি মোঃ হাসেম আলীর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর পরিবেশক সমিতির সাধারণ সম্পাদক ও নৌকা প্রার্থী মোঃ মাহাফুজুর

রহমান রিটন। সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক মোঃ গোলাম রসুল।
পরিবেশক সমিতির কার্যনির্বাহী পরিষদের সদস্য মোঃ শোমেল রানার সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমন, আলোয়া স্টোরের স্বত্বাধিকারী আলী হোসেন, মেহেরপুর জেলা পরিবেশক সমিতির উপদেষ্টা আকবর বিশ্বাস, মোঃ মোস্তফা, মোঃ আজিজুর রহমান, মোঃ হোসেন রানা,সাদরুল নাহিদ, মোঃ মানিক প্রমুখ। এছাড়াও এ সময় মেহেরপুর জেলা পরিবেশক সমিতির অন্যান্য সদস্যগণ উপস্থিতি ছিল।

মুজিবনগরের রশিকপুর গ্রামের সেই আকামুল গ্রেফতার

মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামের সেই আকামুল ইসলাম আদালতের একটি মামলার পরোয়ানায় গ্রেফতার হয়েছে।
আজ শুক্রবার দুপুরে মুজিবনগর থানা পুলিশের একটি টীম উপজেলার রশিকপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।
আকামুল ইসলাম রশিকপুর গ্রামের তাজ উদ্দীনের ছেলে।
মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেছেন আদালতের একটি মামলায় তার বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা থাকায় তাকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়েছে।
স্থানীয়রা জানান, রশিকপুর গ্রামের তাজ উদ্দীনের ছেলে আকামুল ইসলাম, সাইফুল ইসলামের ছেলে আব্দুল মতিন, আব্দুল কুদ্দুছের ছেলে সিরাজুল ইসলাম, জাহান আলীর ছেলে কালু ও মোলাম হোসেনের ছেলে রাজু মিলে ৬ সদস্যের একটি গ্রæপ তৈরী করে এলাকার মানুষের মাঝে আতংক তৈরী করেছে। সাম্প্রতিক সময়ে ওই গ্রামের আলেক হোসেনের বাড়িতে একজন নারী আত্মীয়কে জড়িয়ে মিথ্যা ভয়ভীতি দেখিয়ে এক লাখ টাকা চাঁদা দাবী করে। পরে আলেক হোসেন তাদের ৩০ হাজার টাকা চাঁদা দেন। তারা বাকী ৭০ হাজার টাকার জন্য ওই বাড়িতে দেশীয় অস্ত্রসহ গিয়ে নানাভাবে ভয়ভীতি দেখাচ্ছে গ্রæপটি। এলাকার মানুষ তাদের বিরুদ্ধে মুখ খুলতে সাহষ পাইনা বলে জানালেন স্থানীয়রা।

মেহেরপুরে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় ২৯ শতাংশ অনুপস্থিত

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় মেহেরপুর জেলাতে ৬১১৪ জন পরীক্ষার্থীর মধ্যে অনুপস্থিত ছিলেন ১৭৪৮। যা শতকরা হিসেবে ২৮.৫ শতাংশ।

আজ শুক্রবার মেহেরপুরের ১০টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। কেন্দ্রগুলো হলো- মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ছহি উদ্দীন ডিগ্রী কলেজ, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড বিএম কলেজ, মেহেরপুর দারুল উলুম আহমাদিয়া মাদ্রাসা, কবি নজরুল শিক্ষা মঞ্জিল ও জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেন রঞ্জন রায় বলেছেন, পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। ৬১১৪ জন পরীক্ষার্থীর মধ্যে ১৭৪৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন এবং ক্রুটিযুক্ত কারণে একজনের বাতিল করা হয়েছে।

তিনি আরো বলেন, পরীক্ষা সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে জেলা শহরের সবগুলো ফটোকপিয়ারের দোকান বন্ধ রাখার নির্দেশনা ছিলো। প্রবেশপত্র ছাড়া পরীক্ষা কেন্দ্রে কোনো পরীক্ষার্থী বই, খাতা, ক্যালকুলেটর, ইলেকট্রনিক ডিভাইস, ইলেকট্রনিক ঘড়ি, উত্তরপত্র, নোট বা কোনো কাগজ, ভ্যানেটি ব্যাগ, পার্স, মোবাইল ফোন বা কোনো ধরণের বস্তু নিয়ে প্রবেশ করতে দেওয়া হয়নি। কেন্দ্রের ১০০ গজের মধ্যে ১৪৪ ধারা জারি ছিলো।